

দৈনিক ইত্তেফাক

প্রতিদিন তাজা খবর হোসেন যাদিক মিয়া

শিক্ষক সংকটসহ নানা সমস্যায় জর্জরিত দাউদকান্দির গৌরীপুর সরকারি কলেজ

 ২৫ মার্চ, ২০১৮ ইং ০০:০০ মি:

■ কুমিল্লা প্রতিনিধি

নানাবিধ সমস্যায় জর্জরিত কুমিল্লার দাউদকান্দি উপজেলার গৌরীপুর মুক্তি ফজলুর রহমান সরকারি ডিপ্রি কলেজ। ঝুঁকিপূর্ণ দুটি ভবনে চলছে একাডেমিক পাঠদান কার্যক্রম। একটি ছাত্রাবাস থাকলেও তা পরিত্যক্ত অবস্থায় পড়ে আছে।

জানা যায়, ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের পার্শ্বে জেলার দাউদকান্দি উপজেলার গৌরীপুর এলাকায় মনোরম পরিবেশে ১৯৬৯ সালে কলেজটি প্রতিষ্ঠাসহ একাডেমিক কার্যক্রম শুরু করা হয়। ১৯৭৩ সালে চার কক্ষের একটি, ১৯৮৪ সালে চার কক্ষের আরেকটি ভবন নির্মাণ করা হয়। এ ছাড়া ১৯৮৫ সালে পাঠাগার ও ২২ জন শিক্ষার্থী থাকার উপযোগী একটি ছাত্রাবাস নির্মাণ করা হয়। ১৯৮৮ সালে কলেজটি জাতীয়করণ করা হয় এবং ১৯৯২ সালে বিজ্ঞান ভবন নির্মাণ করা হয়। এরই মধ্যে একমাত্র ছাত্রাবাসটি ঝুঁকিপূর্ণ হয়ে পড়লে ২০১৫ সালে তা পরিত্যক্ত ঘোষণা করা হয়।

শিক্ষার্থীরা জানায়, বর্তমানে কলেজের দুটি প্রাথমিক ভবনের আটটি শ্রেণিকক্ষ ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে। সামান্য বৃষ্টিতে ছাদের পানি চুঁইয়ে পড়ে শিক্ষার্থীদের বই-খাতা ভিজে নষ্ট হয়। ভবনের দেয়াল ও মেঝে স্যাঁতসেতে হয়ে আছে। এতে যে কোনো সময় ভবনের ছাদ ধসে পড়তে পারে বলে আশঙ্কা করছেন কলেজের শিক্ষার্থীরা।

কয়েকজন শিক্ষার্থী জানায়, ছাত্রাবাসটি পরিত্যক্ত ঘোষণা করায় দূরের শিক্ষার্থীরা বাইরের মেসে ভাড়া থাকতে বাধ্য হচ্ছেন।

কলেজ সূত্র জানায়, এখানে শিক্ষকের ২৮টি পদের মধ্যে ৭টি শূন্য। এর মধ্যে তথ্য-প্রযুক্তি, মার্কেটিং, সমাজকল্যাণ, কৃষি, রসায়ন, ফিন্যান্স ব্যাংকিং ও বিমা বিষয়ে কোনো শিক্ষকই নেই। অর্থনীতির তিনটি শিক্ষক পদের মধ্যে দুটি, ইংরেজির দুটি পদের মধ্যে একটি পদ দীর্ঘদিন ধরে শূন্য। এতে শিক্ষার্থীরা ক্ষতিগ্রস্ত হচ্ছেন।

কলেজ অধ্যক্ষ মোহাম্মদ আবদুজ জাহের জানান, বিভিন্ন বিভাগের শূন্যপদগুলো পূরণের জন্য মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরে কয়েকবার চিঠি পাঠানো হয়েছিল, সর্বশেষ গত ৪ জানুয়ারি আবারও চিঠি পাঠানো হয়েছে। তিনি আরও জানান, কলেজের একটি ছয়তলা ভবন নির্মাণের জন্য গত বছরের জুলাই মাসে ৯ কোটি ৬ লাখ টাকা অনুমোদন হয়েছে। ভবনটি নির্মাণ, অন্য ভবন সংস্কার, সীমানা প্রাচীর নির্মাণ ও শিক্ষক সংকট নিরসন করা গেলে এখানে শিক্ষার্থীদের কোনো সমস্যা থাকবে না।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রন্থ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত